ড. মোঃ হাবীবুর রহমান

# মাকাসিদ আশ্-শারীয়াহ

## The Objectives of Islamic Law

(ইসলামী আইনের অন্তর্নিহিত উদ্দেশ্য)




বাংলাদেশ ইসলামিক ল’ রিসার্চ এন্ড লিগ্যাল এইড সেন্টার

**মাকাসিদ আশ্-শারীয়াহ**
ড. মোঃ হাবীবুর রহমান

বি আই এল আর এল এ সি- ২৩

ISBN: 978-984-91686-8-3

প্রথম প্রকাশ: এপ্রিল-২০১৮
দ্বিতীয় মুদ্রণ: মার্চ-২০২০

© সংরক্ষিত

**প্রকাশক**
বাংলাদেশ ইসলামিক ল’ রিসার্চ এন্ড লিগ্যাল এইড সেন্টার-এর পক্ষে
এডভোকেট মোহাম্মদ নজরুল ইসলাম
৫৫/বি, পুরানা পল্টন, নোয়াখালী টাওয়ার
স্যুট-১৩/বি, লিফ্ট-১২, ঢাকা-১০০০
ফোন: ০২-৯৫৭৬৭৬২ মোবাইল: ০১৭৬১-৮৫৫৩৫৭
e-mail: islamiclaw_bd@yahoo.com
www.ilrcbd.org

**কম্পোজ ও অঙ্গসজ্জা**
ল’ রিসার্চ কম্পিউটার্স বিভাগ

**প্রচ্ছদ**
ইলয়াস হোসাইন

**মুদ্রণ**
মারজান প্রিন্টিং প্রেস

**দাম ঃ** ৩০০ টাকা US $ 10.00

---

Maqasid as-Shariah (The objectives of Islamic Law) Written by Dr. Md. Habibur Rahman and Published by Advocate Muhammad Nazrul Islam on behalf of Bangladesh Islamic Law Research and Legal Aid Centre. 55/B Purana Paltan, Noakhali Tower, Suite-13/B, Lift-12, Dhaka-1000, Bangladesh. Printed at Marzan Printing Press, Maghbazar, Dhaka, Price Tk. 300 US $ 10

## প্রকাশকের কথা

ইসলাম শান্তি ও কল্যাণের ধর্ম। যার সামগ্রিক জীবনব্যবস্থা শান্তি ও মানবতার কল্যাণকে নিশ্চিত করে। মানবতার কল্যাণ বাস্তবায়নের জন্য মহান আল্লাহ যুগে যুগে অসংখ্য নবী-রাসূল প্রেরণ ও আসমানী গ্রন্থ নাযিল করেছেন; যাতে এ পৃথিবীতে মানুষ শান্তি প্রতিষ্ঠা এবং আখিরাতের অনন্ত জীবনে পরিত্রাণ পেতে পারে। প্রতিটি আসমানী গ্রন্থেই সমকালীন মানবসমাজকে সুন্দর ও সুষ্ঠুভাবে পরিচালনার জন্য প্রয়োজনীয় সব বিধিবিধান ছিল। এ বিধিবিধানই মূলত 'শারীয়াহ' হিসেবে আখ্যায়িত। যেমন নবী মূসা আ. এর শরীয়াত, নবী ঈসা আ. এর শরীয়াত, মুহাম্মদ স. এর শারীয়াত।

সর্বশ্রেষ্ঠ ও সর্বশেষ রাসূল মুহাম্মাদ স. এর আনীত জীবনবিধান 'ইসলামী শারীয়াত' হিসেবে পরিচিত। ইসলামী শারীয়াত মানবকল্যাণ নিশ্চিতকরণ ও মানুষের মৌলিক অধিকারসমূহ সংরক্ষণ করতে সর্বাধিক গুরুত্বারোপ করেছে। যেসব মৌলিক অধিকার সংরক্ষণের মাধ্যমে মানবকল্যাণ নিশ্চিতকরণের এই মহান লক্ষ্য সাধিত হবে সেগুলোর সমষ্টিকে ইসলামী আইন দর্শনের ভাষায় 'মাকাসিদ আশ্-শারীয়াহ' বা 'ইসলামী শরীয়তের মৌলিক উদ্দেশ্য' অথবা 'শারীয়াহ মাকাসিদ' (Objectives of Islamic Law) বলা হয়। এ বিষয়টি বর্তমান বিশ্বের একাডেমিক অঙ্গনে একটি বহুল পঠিত ও আলোচিত বিষয় হিসেবে গণ্য।

প্রায়োগিক দৃষ্টিকোণ থেকে মাকাসিদ আশ্-শারীয়াহ অত্যন্ত গুরুত্বপূর্ণ। ইসলামী আইনে পারদর্শিতা অর্জন, অগ্রাধিকার নির্ধারণ, বিধি-বিধানের নিগুঢ় তত্ত্ব উদঘাটন, আধুনিক বিষয়ের বিধান উদ্ভাবন, মানবকল্যাণের রূপরেখা প্রণয়নসহ সর্ব ক্ষেত্রেই মাকাসিদ এক অপরিহার্য অনুষঙ্গ।

মুসলিম উম্মাহর সামগ্রিক সমস্যা, চাহিদা ও করণীয় নির্ণয়ে গভীরভাবে মাকাসিদ উপলব্ধি না করার কারণে মুসলিম উম্মাহর সমস্যা দীর্ঘ থেকে দীর্ঘতর হচ্ছে। এ জ্ঞানের অভাবে আজ মুসলিম সমাজের অনেকে ইসলামকে আচার-অনুষ্ঠান সর্বস্ব



ধর্ম মনে করছে। আবার এ বিষয়টি আমাদের দেশে প্রাতিষ্ঠানিক ইসলাম শিক্ষার পাঠ্য বিষয় হিসেবে অন্তর্ভুক্ত না হওয়ায় অনেক চিন্তাবিদ ও গবেষক সমস্যা চিহ্নিতকরণ ও সমাধান উদ্ভাবনে টেকসই প্রস্তাবনা দিতে ব্যর্থ হচ্ছেন। মাকাসিদ আশ্-শারীয়াহ এর যথার্থ উপলব্ধির মাধ্যমে বিরোধপূর্ণ বিষয়ের সুন্দর সমাধান সম্ভব। কেননা শাখা-প্রশাখাগত মাসআ'লার বিভিন্নতা ইসলামী শরীয়াহ এর মধ্যে যতটা না গুরুত্বপূর্ণ, তার চেয়ে শতগুণ গুরুত্বপূর্ণ হচ্ছে শরীয়াহ এর উদ্দেশ্য ও লক্ষ্য বাস্তবায়ন।

মাকাসিদ আশ্-শারীয়াহ এর এমন বহুমুখী গুরুত্বের কারণে বর্তমান সময়ে বিশ্বের বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের ইসলামী আইন, ফিকহ, উসূলুল ফিকহ, শারীয়াহ, ইসলামিক স্টাডিজ ইত্যাদি বিভাগে মাকাসিদ আশ-শারীয়াহ একটি আবশ্যিক বিষয় হিসেবে পঠিত হচ্ছে। সমসাময়িক স্কলারগণ এ বিষয়ে গবেষণাপ্রসূত বই-পুস্তক রচনা করছেন। এরই ধারাবাহিকতায় ড. মোঃ হাবীবুর রহমান বাংলা ভাষায় একাডেমিক আলোচনাসমৃদ্ধ এ গ্রন্থটি রচনা করেছেন। "কিয়ামত পর্যন্ত ইসলামী শরীয়াতের প্রতিটি বিধান কল্যাণকর এবং যুগজিজ্ঞাসার সকল জবাব ইসলামী শরীয়াতে রয়েছে" একথা যারা বিশ্বাস করেন এবং যারা এটি যাচাই করতে চান এমন সকল উৎসাহী পাঠক, গবেষক ও সকল শ্রেণি ও পেশার মানুষের জন্যেই এ গ্রন্থ উপযোগী। বিশেষ করে মাকাসিদ আশ্-শারীয়াহ বিষয়ক অধ্যয়ন ও পঠন-পাঠনে এ গ্রন্থ পথ প্রদর্শকের ভূমিকা পালনে সক্ষম হবে বলে আমাদের বিশ্বাস।

মহান আল্লাহ আমাদের এ প্রচেষ্টাকে কবুল করুন এবং লেখকসহ সংশ্লিষ্ট সকলকে দুনিয়া ও আখিরাতে উত্তম প্রতিদান দান করুন।

বিনীত



এডভোকেট মোহাম্মদ নজরুল ইসলাম
জেনারেল সেক্রেটারি
বাংলাদেশ ইসলামিক ল' রিসার্চ এন্ড লিগ্যাল এইড সেন্টার

# সূচিপত্র

ভূমিকা ...........................................................................১৩

**প্রথম অধ্যায় : মাকাসিদ আশ্-শারীয়াহ'র পরিচিতি, ক্রমবিকাশ ও গুরুত্ব**

সারসংক্ষেপ ...........................................................................১৭

১.০ ভূমিকা ...........................................................................১৯

১.১ মাকাসিদ এর পরিচিতি ...........................................................................২০

১.২ শারীয়াহ'র পরিচিতি ...........................................................................২৫

১.৩ মাকাসিদ আশ্-শারীয়াহ'র সাথে সামঞ্জস্যপূর্ণ পরিভাষাসমূহ ............৩০

মাকসাদ ও গায়াহ ...........................................................................৩১

মাকসাদ ও হিকমাহ ...........................................................................৩১

মাকসাদ ও ইল্লাহ ...........................................................................৩২

মাকাসিদ ও মাসালিহ ...........................................................................৩৪

মাকসাদ ও মুনাসাবাহ ...........................................................................৩৫

মাকসাদ ও মা'না...........................................................................৩৬

১.৪ মাকাসিদ আশ্-শারীয়াহ'র ক্রমবিকাশ...........................................................................৩৭

সাহাবীদের যুগে মাকাসিদ ...........................................................................৪৩

তাবেয়ীদের যুগে মাকাসিদ ...........................................................................৪৭

ফিকহের ইমামগণ কর্তৃক মাকাসিদের প্রয়োগ ...........................................................................৪৮

ইমাম আল-হারামাইন আল-জুওয়াইনী ও মাকাসিদ ......................৫১

ইমাম আল-গাযালী ও মাকাসিদ ...........................................................................৫২

ইমাম আল-রাযী এবং আল-আমিদী'র দৃষ্টিতে মাকাসিদ ................৫৪

ইমাম আল-ইয্য ইব্‌ন আবদুস সালাম ও মাকাসিদ......................৫৫

ইমাম আল-কারাফী ও মাকাসিদ ...........................................................................৫৮

ইমাম ইব্‌ন তাইমিয়াহ ও মাকাসিদ ...........................................................................৬০

ইমাম ইব্‌ন কাইয়্যিম ও মাকাসিদ ...........................................................................৬২

ইমাম আত-তুফীর মাকাসিদ চিন্তা ...........................................................................৬৪



ইমাম আশ্-শাতিবী ও মাকাসিদ ...........................................................................৬৫

ইমাম আশ্-শাতিবী'র পরবর্তী সময়ে মাকাসিদ ...........................................................................৬৭

১.৫ মাকাসিদ আশ্-শারীয়াহ'র গুরুত্ব ...........................................................................৬৯

এক. মুজতাহিদ, বিচারক ও শাসকের জন্য মাকাসিদের গুরুত্ব ..........৭৩

দুই. ইসলামী শারীয়াহ'র শিক্ষার্থীদের জন্য মাকাসিদের গুরুত্ব ..........৭৬

তিন. দাঈ ইলাল্লাহ ও সংস্কারকদের জন্য মাকাসিদের গুরুত্ব ............৭৭

চার. সাধারণ মুসলিমের জন্য মাকাসিদের গুরুত্ব ...........................................................................৭৮

পাঁচ. অমুসলিমদের জন্য মাকাসিদের গুরুত্ব ...........................................................................৭৯

**দ্বিতীয় অধ্যায় : মাকাসিদ আশ্-শারীয়াহ'র প্রামাণিকতা এবং শারীয়াহ'র দলিল-প্রমাণের সাথে এর সম্পর্ক**

সারসংক্ষেপ ...........................................................................৮১

২.০ ভূমিকা ...........................................................................৮৫

২.১ ইসলামী শারীয়াহ'র বিধান প্রণয়নে মাকাসিদ ...........................................................................৮৭

২.২ শারীয়াহ'র দলিল-প্রমাণের সাথে মাকাসিদের সম্পর্ক ...........................................................................৯২

২.২.১ মাকাসিদ ও কুরআন কারীম...........................................................................৯৪

২.২.২ মাকাসিদ ও সুন্নাহ ...........................................................................১০১

২.২.৩ মাকাসিদ ও ইজমা ...........................................................................১০৪

২.২.৪ মাকাসিদ ও কিয়াস ...........................................................................১০৪

২.২.৫ মাকাসিদ ও মাসালিহ মুরসালাহ বা জনকল্যাণ ................১০৮

২.২.৬ মাকাসিদ ও ইসতিহসান ...........................................................................১১৩

২.২.৭ মাকাসিদ ও কাউল আস্-সাহাবী ...........................................................................১১৭

২.২.৮ মাকাসিদ ও শারউ. মান কাবলানা ...........................................................................১১৯

২.২.৯ মাকাসিদ ও সাদ্দ্ আয্-যারায়ি ...........................................................................১২০

২.২.১০ মাকাসিদ ও উর্‌ফ ...........................................................................১২৫

**তৃতীয় অধ্যায় : মাকাসিদ আশ্-শারীয়াহ'র প্রকারভেদ**

সারসংক্ষেপ ...........................................................................১৩৫

৩.০ ভূমিকা ...........................................................................১৩৭

৩.১ বিভিন্ন স্তর ও গুরুত্ব বিবেচনায় মাকাসিদের প্রকারভেদ ................১৩৯

৩.১.১ অত্যাবশ্যকীয় মাকাসিদ (জরুরিয়্যাত) ..............................১৩৯
৩.১.২ প্রয়োজনীয় মাকাসিদ (হাজিয়্যাত) ..................................১৪২
৩.১.৩ সৌন্দর্যবর্ধক মাকাসিদ (তাহসীনিয়্যাত) ...........................১৪৩
৩.১.৪ উক্ত তিন প্রকার মাকাসিদের পারস্পরিক সম্পর্ক .................১৪৪
৩.১.৫ উক্ত তিন প্রকার মাকাসিদের সংরক্ষণ শারীয়াহ’র লক্ষ্য-উদ্দেশ্য হওয়ার দলীল-প্রমাণ ................................................১৪৮
৩.১.৬ উক্ত তিন প্রকার মাকাসিদের পারস্পরিক বিরোধপূর্ণ অবস্থান এবং অগ্রাধিকার প্রদান ................................................১৫১
৩.১.৭ বিচ্ছিন্ন কোন কারণে মৌলিক মাকাসিদ বিঘ্নিত হবে না ..................১৫২
৩.২ বাস্তবায়নের সময় বিবেচনায় মাকাসিদের প্রকারভেদ ....................১৫৪
এক. তাৎক্ষণিক বা ইহকালীন মাকাসিদ ....................................১৫৪
দুই. বিলম্বিত বা পরকালীন মাকাসিদ .....................................১৫৫
৩.৩ মৌলিকত্ব বিবেচনায় মাকাসিদের প্রকারভেদ ...........................১৫৬
এক. মৌলিক মাকাসিদ .......................................................১৫৬
দুই. প্রাসঙ্গিক মাকাসিদ .......................................................১৫৯
৩.৪ উদ্দেশ্যের বিবেচনায় মাকাসিদের প্রকারভেদ ............................১৬০
এক. মাকাসিদ তথা চূড়ান্ত লক্ষ্য-উদ্দেশ্য ..................................১৬০
দুই. মাকাসিদ তথা উপায়-উপকরণ .......................................১৬০
৩.৫ সামগ্রিক অথবা আংশিক এবং সাধারণ কিংবা বিশেষ হওয়ার দিক থেকে মাকাসিদের প্রকারভেদ ...............................................১৬১
এক. সাধারণ বা সার্বিক মাকাসিদ ........................................১৬১
দুই. বিশেষ বা আংশিক মাকাসিদ .......................................১৬৩

**চতুর্থ অধ্যায় : মাকাসিদ আশ্-শারীয়াহ্ উদঘাটন ও সাব্যস্ত করার পদ্ধতি**

সারসংক্ষেপ ..............................................................................১৬৩
৪.০ ভূমিকা .................................................................................১৬৬
৪.১ সরাসরি নস্-এর মাধ্যমে মাকাসিদ সাব্যস্তকরণ ..........................১৭৩
৪.১.১ কুরআন-সুন্নাহর নস্-এ মাকাসিদের বর্ণনা ......................১৭৩



৪.১.২ মৌলিক ও প্রত্যক্ষ আদেশ-নিষেধের মাধ্যমে মাকাসিদ সাব্যস্তকরণ....১৭৬
৪.১.৩ আদেশের সাথে কল্যাণ এবং নিষেধাজ্ঞার সাথে অকল্যাণের সুস্পষ্ট সম্পৃক্ততার মাধ্যমে মাকাসিদ সাব্যস্তকরণ ...............১৮০
৪.১.৪ উত্তম, ভালো ও কল্যাণকর বিষয়কে মাসালিহ এবং মন্দ, পাপাচার ও অকল্যাণকর বিষয়কে মাফাসিদ নামকরণের মাধ্যমে মাকাসিদের অবগতি লাভ এবং তা সাব্যস্তকরণ ......১৮১
৪.১.৫ ব্যাপকার্থবোধক শব্দ থেকে মাকাসিদ অনুধাবন ও সাব্যস্তকরণ........১৮৫
৪.১.৬ কুরআন-হাদীসের নুসূসে বর্ণিত শারীয়াহ’র বিধানের অন্তর্নিহিত হিকমাত থেকে মাকাসিদ উদঘাটন ও সাব্যস্তকরণ ............১৮৫
৪.২ অর্থ বা তাৎপর্যের মাধ্যমে মাকাসিদ সাব্যস্তকরণ .........................১৮৮
৪.২.১ শারীয়াহ’র আদেশ-নিষেধের অন্তর্নিহিত তাৎপর্য অনুসন্ধানের মাধ্যমে মাকাসিদ সাব্যস্তকরণ ......................................১৮৮
৪.২.২ শারীয়াহ’র অন্যান্য বিধানের অন্তর্নিহিত তাৎপর্য অনুসন্ধানের মাধ্যমে মাকাসিদ সাব্যস্তকরণ ......................................১৯০
৪.২.৩ নীরবতার মাধ্যমে মাকাসিদ সাব্যস্তকরণ ........................২০২
৪.২.৪ ইসতিকরা তথা সার্বিক পর্যালোচনার মাধ্যমে মাকাসিদ সাব্যস্তকরণ....২০৬
৪.৩ মূল নস ও অন্তর্নিহিত অর্থ উভয়ের সমন্বয়ে মাকাসিদ উদঘাটন .......২১২

**পঞ্চম অধ্যায় : মাকাসিদ আশ্-শারীয়াহ কার্যকর ও বাস্তবায়নের শার‘য়ী উপায়-উপকরণ**

সারসংক্ষেপ ..............................................................................২২১
৫.০ ভূমিকা .................................................................................২২৪
৫.১ দীন সংরক্ষণের উপায়-উপকরণ ...........................................২২৫
প্রথমত: আদেশমূলক বিধান ...............................................২২৬
দ্বিতীয়ত: নিষেধসূচক বিধান ...............................................২২৭
৫.২ জীবন সংরক্ষণের উপায়-উপকরণ ..........................................২২৮
প্রথমত: আদেশমূলক বিধান ...............................................২৩০
দ্বিতীয়ত: নিষেধসূচক বিধান ...............................................২৩১
৫.৩ বিবেক-বুদ্ধি সংরক্ষণের উপায়-উপকরণ .................................২৩৩

প্রথমত: আদেশমূলক বিধানের মাধ্যমে বিবেক-বুদ্ধির সুরক্ষা .........২৩৫
দ্বিতীয়ত: নিষেধসূচক বিধানের মাধ্যমে বিবেক-বুদ্ধির সুরক্ষা .........২৩৫
৫.৪ বংশধারা সংরক্ষণের উপায়-উপকরণ .....................................২৩৭
প্রথমত: আদেশমূলক বিধানের মাধ্যমে বংশধারা সংরক্ষণ .............২৩৮
দ্বিতীয়ত: নিষেধসূচক বিধানের মাধ্যমে বংশধারা সংরক্ষণ .............২৩৮
৫.৫ সহায়-সম্পত্তি সংরক্ষণের উপায়-উপকরণ .................................২৪০
প্রথমত: আদেশমূলক বিধানের মাধ্যমে সহায়-সম্পত্তির সংরক্ষণ .....২৪১
দ্বিতীয়ত: নিষেধসূচক বিধানের মাধ্যমে সহায়-সম্পত্তির সংরক্ষণ ..........২৪২

**ষষ্ঠ অধ্যায় : মাকাসিদ আশ্-শারীয়াহ’র মূলনীতি**

সারসংক্ষেপ .................................................................২৪৭
৬.০ ভূমিকা .....................................................................২৪৯
৬.১ সাধারণ মূলনীতি .........................................................২৪৯
৬.২ বিশেষ মূলনীতি ..........................................................২৫২
এক. মাকাসিদের অবগতি সংক্রান্ত মূলনীতি ...............................২৫২
দুই. মুকাম্মিলাত সংশ্লিষ্ট মূলনীতি ........................................২৫৪
তিন. মাকাসিদের উপায়-উপকরণ সম্পর্কিত মূলনীতি ..................২৫৫
চার. প্রাসঙ্গিক মাকাসিদ সংক্রান্ত মূলনীতি ...............................২৫৮
পাঁচ. অগ্রাধিকার প্রদান সম্পর্কিত মূলনীতি ..............................২৫৮

**সপ্তম অধ্যায় : মাকাসিদ ও ফিক্হ**

সারসংক্ষেপ .................................................................২৬১
৭.০ ভূমিকা .....................................................................২৬৩
৭.১ ইবাদাতের ক্ষেত্রে শারীয়াহ’র মাকাসিদ ..................................২৬৪
সালাতের মাকাসিদ .........................................................২৬৫
যাকাতের মাকাসিদ .........................................................২৬৬
দান-সদকা ও জনকল্যাণমূলক কাজের মাকাসিদ .......................২৬৭
সিয়ামের মাকাসিদ ..........................................................২৬৭



কাফ্ফারা প্রদানের মাকাসিদ ..............................................২৬৮
৭.২ মুআমালাতের ক্ষেত্রে শারীয়াহ’র মাকাসিদ ...............................২৬৮
এক. সম্পদের ব্যাপক ব্যবহার বা আবর্তন (সার্কুলেশন)..............২৬৯
দুই. স্বচ্ছতা ...................................................................২৭০
তিন. লেনদেনে আদল-ইনসাফ বজায় রাখা ............................২৭১
চার. অন্যায় আগ্রাসন থেকে সম্পদকে রক্ষা করা .......................২৭১
পাঁচ. সম্পদের মালিকানা সাব্যস্ত হওয়া ................................২৭২
৭.৩ বিবাহ এবং পারিবারিক বিধি-বিধানের ক্ষেত্রে শারীয়াহ’র মাকাসিদ ...২৭৩
৭.৪ হিজাবের বিধানের ক্ষেত্রে শারীয়াহ’র মাকাসিদ .........................২৭৪
৭.৫ আইন-আদালত সংক্রান্ত বিধানের ক্ষেত্রে শারীয়াহ’র মাকাসিদ ........২৭৫
৭.৬ শাস্তির বিধানের ক্ষেত্রে শারীয়াহ’র মাকাসিদ ............................২৭৬
পরিশিষ্ট ......................................................................২৮৩
গ্রন্থপঞ্জি ......................................................................২৮৫

# ভূমিকা

সকল প্রশংসা মহান রাব্বুল আলামীনের জন্য, যাঁর অশেষ মেহেরবানীতে 'মাকাসিদ আশ্-শারীয়াহ' শীর্ষক গ্রন্থটি রচনার কাজ সমাপ্ত হয়েছে। অসংখ্য দুরূদ ও সালাম বিশ্ব মানবতার মুক্তির দূত মহানবী হযরত মুহাম্মদ স. এর প্রতি, যার মাধ্যমে আল্লাহ তাআলা এক পরিপূর্ণ জীবন বিধান তথা ইসলামী শারীয়াহ প্রবর্তন করেছেন। ইসলামী শারীয়াহ আল্লাহর পক্ষ হতে জগতবাসীর জন্য বড় নিয়ামত। শারীয়াহ'র বিধি-বিধানের মূল উদ্দেশ্য হচ্ছে মানবকল্যাণ নিশ্চিতকরণ, যা কোন কল্যাণ আনায়ন কিংবা কোন অকল্যাণ দূরীকরণের মাধ্যমে হয়ে থাকে। যেসব কাজ করতে আল্লাহ রাব্বুল আলামীন নির্দেশ দিয়েছেন তা করার মাধ্যমে সংশ্লিষ্ট কল্যাণ অর্জিত হয়ে থাকে এবং যে সব কাজ থেকে বিরত থাকতে বলেছেন তা থেকে বিরত থাকার মাধ্যমে সংশ্লিষ্ট অকল্যাণ প্রতিহত ও দূরীভূত হয়ে থাকে।

মাকাসিদ আশ্-শারীয়াহ এর অর্থ হচ্ছে, ইসলামী শারীয়াহ'র বিধি-বিধানের অন্তর্নিহিত হিকমাত ও উদ্দেশ্য। অর্থাৎ যে লক্ষ্য-উদ্দেশ্যকে সামনে রেখে আল্লাহ তাআলা শারীয়াহ'র বিধি-বিধান প্রবর্তন করেছেন তাই মাক্বাসিদ আশ্-শারীয়াহ। এটি ইসলামী শারীয়াহ'র একটি গুরুত্বপূর্ণ ও অবিচ্ছেদ্য অংশ। শারীয়াহ'র বিধি-বিধান পালনের মাধ্যমে সৃষ্টিকুলের যে কল্যাণ সাধিত হয় তাকে মুসলিম স্কলারগণ অত্যাবশ্যকীয় (জরুরিয়্যাত), প্রয়োজনীয় (হাজিয়্যাত) এবং সৌন্দর্যবর্ধক (তাহসীনিয়্যাত) এ তিনটি স্তরে বিন্যস্ত করেছেন। শারীয়াহ'র বিধি-বিধানের মাধ্যমে যে মৌলিক ও আবশ্যিক মাকাসিদের সংরক্ষণ নিশ্চিত করা হয়েছে তা পাঁচটি: দীন, জীবন, বুদ্ধিবৃত্তি, বংশ এবং সহায়-সম্পত্তির সুরক্ষা ও সংরক্ষণ।

ইসলামী আইনে পাণ্ডিত্য এবং গভীর ও সূক্ষ্ম জ্ঞান অর্জনে মাকাসিদের ভূমিকা অপরিসীম। ফিক্হী দক্ষতা অর্জনে মাকাসিদের জ্ঞান অতীব গুরুত্বপূর্ণ। মাকাসিদের জ্ঞান চিন্তার দিগন্তকে প্রসারিত করে এবং সময়ের আবর্তনে সংঘটিত নিত্য নতুন ঘটনার শারয়ী বিধান অনুসন্ধান ও উদ্‌ঘাটনে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে। বর্তমান সময়ে বিশ্বের প্রায় সব বিশ্ববিদ্যালয়ে ইসলামী আইন অধ্যয়নের ক্ষেত্রে মাকাসিদ একটি আবশ্যকীয় বিষয় হিসেবে অত্যন্ত গুরুত্ব সহকারে পড়া এবং পড়ানো হচ্ছে। অতীত থেকে শুরু করে সমসাময়িক স্কলারগণও মাকাসিদের ওপর বিভিন্ন গ্রন্থ রচনার কাজ করে যাচ্ছেন।



ইসলামী আইন শাস্ত্রে পাণ্ডিত্য অর্জনের ক্ষেত্রে মাকাসিদের জ্ঞান অতীব গুরুত্বপূর্ণ হলেও বাংলাদেশে মাকাসিদ অধ্যয়ন ও মাকাসিদ চর্চার ইতিহাস খুব বেশি দিনের নয়। বাংলাদেশে প্রচলিত ইসলামী আইন অধ্যয়নের বিভিন্ন পাঠ্যসূচিতে মাকাসিদ এর আলোচনা নিতান্তই অপর্যাপ্ত। অতি সাম্প্রতিক সময়ে কোন কোন প্রতিষ্ঠানের পাঠ্যসূচিতে মাকাসিদ'কে অন্তর্ভুক্ত করা হয়েছে। বাংলা ভাষাভাষী ইসলামী আইনের শিক্ষার্থী, গবেষক ও পাঠকদের জন্য মাকাসিদের ওপর একটি গ্রন্থ রচনার ইচ্ছে দীর্ঘ সময় ধরে লালন করে আসছিলাম। অবশেষে মহান আল্লাহ'র অশেষ রহমতে আজ তা বাস্তব রূপ লাভ করলো, যার জন্য মহান প্রভুকে জানাচ্ছি বিনীত কৃতজ্ঞতা।

এ গ্রন্থে মোট সাতটি অধ্যায়ে মাকাসিদ সংক্রান্ত বিভিন্ন বিষয়ের আলোচনা করা হয়েছে। প্রথম অধ্যায়ে মাকাসিদ আশ্-শারীয়াহ'র সংজ্ঞা, পরিচিতি, মাকাসিদ এর সাদৃশ্যপূর্ণ বিভিন্ন পরিভাষা সম্পর্কে আলোচনা স্থান পেয়েছে। এছাড়াও এতে সূচনাকাল থেকে অদ্যাবধি মাকাসিদ এর ক্রমবিকাশ ও উত্তরণ সম্পর্কে বিশদ আলোচনা করার পাশাপাশি এ সম্পর্কে বিভিন্ন মুসলিম স্কলারের বক্তব্যও উপস্থাপন করা হয়েছে। উপরন্তু ইসলামী আইনের শিক্ষার্থী, শিক্ষক, গবেষক সর্বোপরি সাধারণ মুসলিম ও অমুসলিমদের ক্ষেত্রে মাকাসিদের গুরুত্ব ও তাৎপর্য সম্পর্কেও আলোচনা করা হয়েছে।

দ্বিতীয় অধ্যায়ে মাকাসিদ আশ্-শারীয়াহ'র প্রামাণিকতা এবং শারীয়াহ'র বিধান প্রণয়নে এর প্রয়োজনীয়তা ও গুরুত্ব বিশ্লেষণ করা হয়েছে। এছাড়াও সর্বসম্মতভাবে গৃহীত শারীয়াহ'র প্রাথমিক দলিল-প্রমাণ যেমন কুরআন, সুন্নাহ, ইজমা ও কিয়াস ইত্যাদির সাথে মাকাসিদ এর সম্পৃক্ততা আলোচনা করা হয়েছে। সাথে সাথে শারীয়াহ'র দ্বিতীয় পর্যায়ের দলিল-প্রমাণ যেমন ইসতিহ্সান, মাসালিহ, কাউল আস্-সাহাবী, সাদ্দ্ আয্-যারায়ি', উরফ ও আদাত ইত্যাদির সাথে মাকাসিদ এর সম্পৃক্ততা আলোচনা ও বিশ্লেষণ করা হয়েছে।

তৃতীয় অধ্যায়ে মাকাসিদ আশ্-শারীয়াহ'র প্রকারভেদ বিশ্লেষণ করা হয়েছে। গুরুত্ব, বাস্তবায়ন, মৌলিকত্ব, উদ্দেশ্য এবং পরিপূর্ণ কিংবা আংশিক হওয়ার দিক থেকে মাকাসিদের প্রকারভেদ বর্ণনা করা হয়েছে। এছাড়াও মাকাসিদের মৌলিক তিনটি স্তর অত্যাবশ্যকীয়, প্রয়োজনীয় এবং সৌন্দর্যবর্ধক ইত্যাদি বিষয়ের বিশদ আলোচনা করা হয়েছে।

চতুর্থ অধ্যায়ে মাকাসিদ আশ্-শারীয়াহ উদ্ঘাটন ও তা প্রমাণের বিভিন্ন পদ্ধতি বিশেষত শারীয়াহ'র নুসূসে ব্যবহৃত শব্দ কিংবা বাক্য থেকে মাকাসিদ উদ্ঘাটনের পদ্ধতি, নুসূসের অন্তর্নিহিত অর্থ ও তাৎপর্য থেকে মাকাসিদ উদ্ঘাটনের পদ্ধতি এবং শব্দ বা বাক্য ও এর অন্তর্নিহিত তাৎপর্যের সমন্বয়ে মাকাসিদ উদ্ঘাটনের পদ্ধতি আলোচনা ও বিশ্লেষণ করা হয়েছে।

পঞ্চম অধ্যায়ে মাকাসিদ আশ্-শারীয়াহ কার্যকর ও বাস্তবায়নের বিভিন্ন শারয়ী উপায়-উপকরণ আলোচনা করা হয়েছে। স্বভাবতই মৌলিক মাকাসিদ হিসেবে দীন, জীবন, বংশ, বুদ্ধিবৃত্তি ও সহায়-সম্পত্তি ইত্যাদি সংরক্ষণের বিভিন্ন পদ্ধতি বিশ্লেষণ করা হয়েছে। উপরন্তু আদেশমূলক এবং নিষেধসূচক বিধি-বিধান আলোচনার মাধ্যমে মাকাসিদ সুরক্ষার উপায়-উপকরণ সমূহও বর্ণনা করা হয়েছে।

ষষ্ঠ অধ্যায়ে মাকাসিদ সংক্রান্ত মূলনীতি তুলে ধরা হয়েছে। প্রসঙ্গত মাকাসিদের সাধারণ এবং বিশেষ দু'ধরনের মূলনীতি আলোচনা করা হয়েছে। পরিশেষে সপ্তম অধ্যায়ে ইসলামী শরীয়াহ'র কতিপয় বিধি-বিধানের মাকাসিদ এবং এগুলোর অন্তর্নিহিত হিকমাত ও তাৎপর্য বর্ণনা করা হয়েছে।

বাংলাভাষায় মাকাসিদ সম্পর্কিত আলোচনা, রচনা ও গবেষণা খুব বেশি হয়নি। তথাপি এ বিষয়ক সকল দিক ও বিভাগের পূর্ণাঙ্গ আলোচনা করা হয়ত এ গ্রন্থে সম্ভব হয়নি। সম্মানিত পাঠক ও গবেষকগণ তাঁদের সুচিন্তিত মতামত ও পরামর্শ প্রদান করলে পরবর্তী সংস্করণে তা সংযোজন করা হবে ইনশাআল্লাহ।

মহান আল্লাহ রাব্বুল আলামীন তাঁর সন্তুষ্টি অর্জনের নিমিত্তে কৃত এ ক্ষুদ্র প্রয়াসটুকু কবুল করুন। এ প্রয়াসে ইচ্ছায় ও অনিচ্ছায় সংঘটিত যাবতীয় ভুল-ত্রুটি ক্ষমা করুন।

ড. মোঃ হাবীবুর রহমান